

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়,
২ নং সড়ক, পশ্চিম গোয়ালচামট, ফরিদপুর।
dife.faridpur.gov.bd

নাম: মোঃ মতিউর রহমান

মন্ত্রণালয়/দপ্তর: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ফরিদপুর

মোবাইল: ০১৭১৪-১১৭৫৩৭

পদবী: উপমহাপরিদর্শক

অফিস/শাখা: উপমহাপরিদর্শকের দপ্তর

ই-মেইল: matlur.nababgonj@gmail.com

উদ্ভাবনের শিরোনাম	সেবাগ্রহীতার দোরগোড়ায় ডাইফ, ফরিদপুর
----------------------	---------------------------------------

পূর্ববর্তী সেবার বিবরণ/ ধাপসমূহ	প্রস্তাবিত সেবার বিবরণ/ ধাপসমূহ
<p>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে দোকানের <u>লাইসেন্স গ্রহণ</u></p> <p>যে কোন দোকানকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে ধারা ৩২৬ ও বিধি ৩৫৪ অনুযায়ী লাইসেন্স গ্রহণ করতে হয়। সে ক্ষেত্রে একজন সেবাজীকে লাইসেন্স প্রাপ্তির জন্য নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করতে হয়।</p> <ol style="list-style-type: none">১. ইন্টারনেট অথবা অত্র দপ্তর হতে আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হয়।২. পরবর্তীতে নির্ধারিত চালান কোডে নির্ধারিত পরিমাণ ফি জমা দিয়ে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র পূরণ করে লাইসেন্সের জন্য আবেদনপত্র দাখিল করতে হয়।৩. আবেদন দাখিলের পরে অত্র দপ্তর কর্তৃক ৭৭ নং ফরম, কাগজপত্রাদি ও চালান যাচাই-বাছাই শেষে তথ্যের সঠিকতা প্রাপ্ত হলে লাইসেন্সের আবেদন মঞ্জুর করা হয়।৫. সেবাজীকে পুনরায় অত্র দপ্তরে এসে ইস্যুকৃত লাইসেন্স গ্রহণ করতে হয়।৬. ফলে একজন সেবাজী কে লাইসেন্স প্রাপ্তির জন্য প্রথমে ৭৭ নং ফরম সংগ্রহ করার উদ্দেশ্যে একবার, চালান ও প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদানের উদ্দেশ্যে দ্বিতীয়বার এবং লাইসেন্স গ্রহণের উদ্দেশ্যে তৃতীয়বার অর্থাৎ কমপক্ষে মোট তিনবার ক্ষেত্রবিশেষে আরও অধিক বার অত্র দপ্তর আগমন করতে হয় যা একজন সেবাজীর জন্য যথেষ্ট ব্যয় ও সময় সাপেক্ষ।	<p>বাজারের দোকান সমূহ এর লাইসেন্স রেজিস্ট্রেশন</p> <p>যে কোন জেলার অথবা উপজেলার একটি নির্দিষ্ট বাজারকে নির্ধারণ করে বাজারের দোকানসমূহকে লাইসেন্সের আওতা আনার জন্য নিম্নোক্ত কাজসমূহ করতে হবে।</p> <ol style="list-style-type: none">১. বাজার কমিটির সাথে মতবিনিময় সভার আয়োজন করে লাইসেন্স এর বিধানটি অবহিত করতে হবে।২. সভায় তাদেরকে অন স্পট লাইসেন্স প্রদানের জন্য উদ্বুদ্ধ করতে হবে এবং সেবাটি তাদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য লাইসেন্স প্রদানের তারিখ নির্ধারণ করতে হবে।৩. নির্ধারিত তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শকসহ সকল কর্মকর্তা বাজারের একটি নির্দিষ্ট স্থানে সকল প্রকার প্রয়োজনীয় সহায়ক (ফাইল, নথি, ল্যাপটপ, প্রিন্টার ইত্যাদি) সহ উপস্থিত হবেন।৪. সেবা গ্রহীতাদের কাছ থেকে অন স্পট আবেদন গ্রহণ করে শ্রম পরিদর্শকগণ আবেদনপত্র যাচাই - বাছাই করবেন এবং যাচাই- বাছাই শেষে তৎক্ষণাৎ নির্ধারিত নথি ও রেজিস্টারে প্রয়োজনীয় তথ্যাদি লিপিবদ্ধ করে উপমহাপরিদর্শকের অনুমোদনক্রমে অতি অল্প সময়ে লাইসেন্স প্রদান করবেন। <p>এতে সেবাগ্রহীতা কে একবারের জন্য ও অত্র দপ্তরে আসতে হবে না বরং তার দোরগোড়ায় অনস্পট সেবা ভোগ করতে পারবেন এবং লাইসেন্স গ্রহণ করতে পারবেন।</p>

প্রত্যাশিত ফলাফল (বিবরণ আকারে): নির্দিষ্ট একটি বাজারের দোকান মালিকপক্ষের সাথে মতবিনিময় সভার মাধ্যমে তাদেরকে উদ্বুদ্ধ করে একটি নির্ধারিত দিনে সকলকে লাইসেন্স প্রদান করা হলে পৃথকভাবে প্রত্যেক দোকান মালিককে একজন একজন করে অত্র দপ্তরে এসে আবেদন করতে হবে না। এতে করে একসাথে অনেক সেবাগ্রহী অতি অল্প সময়ে বৃহৎ সংখ্যক সেবা ভোগ করতে পারবেন এবং লাইসেন্স গ্রহণ করতে পারবেন এবং উক্তসর্বোচ্চ সংখ্যক দোকানসমূহকে লাইসেন্স এর আওতায় আনা সম্ভব হবে। ফলে ঐ সব লাইসেন্সপ্রাপ্ত দোকানসমূহে কর্মরত শ্রমিকদের সেফটি স্বাস্থ্য ও কল্যাণ অধিকতর তদারকি ও বাস্তবায়ন করা সম্ভব হবে।

TCV (যদি থাকে):

T- লাইসেন্স প্রাপ্তি ও প্রদান সংক্রান্ত কাজে শ্রম পরিদর্শক ও সেবাভোগীর যে সময় ব্যয় হতো তা হ্রাস পাবে।


C- দোকান মালিকদের অত্র দপ্তর আসা যাওয়ার কারণে যে খরচ হতো তা হ্রাস পাবে এবং পরিদর্শকের দোকান পরিদর্শনে সরকারি অর্থের যে ব্যয় হতো (পরিদর্শকগণের TA/DA, জালানী খরচ) তা সাশ্রয় হবে।

V- কেবলমাত্র লাইসেন্স প্রাপ্তির কাজে দোকান মালিকদের অত্র দপ্তরে এবং পরিদর্শকগণের দোকানে পরিদর্শনের সংখ্যা হ্রাস পাবে।

বাস্তবায়ন প্রক্রিয়া: উপমহাপরিদর্শক মহোদয় অফিস আদেশের মাধ্যমে নির্ধারণ করে দিবেন এবং শ্রম পরিদর্শকগণ উক্ত নির্দেশনা বাস্তবায়ন করবেন। নির্ধারিত দিনে নির্দিষ্ট একটি বাজারের সেবাগ্রহীদের নিকটে গিয়ে ফরম-৭৭, চালান ফরম পূরণে সহযোগিতা করে সেখানেই নথি কার্যক্রম সম্পন্ন শেষে লাইসেন্স প্রদান করা হবে।

বাস্তবায়নের সম্ভাব্য ব্যয় ও সময়সীমা: লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় সহায়ক সামগ্রী অফিসের গাড়িতে বহন করা হবে বিধায় এক্ষেত্রে কোন ব্যয় হবে না। সম্পূর্ণ প্রক্রিয়াটি সমাপ্ত হতে তিন মাসের মত সময় লাগবে এবং প্রতিটি লাইসেন্স প্রদানের জন্য আনুমানিক ৩০ মিনিট সময় ব্যয় হবে।

তারিখ: ২৫/১১/২০২১ খ্রি.


২৫/১১/২০২১খ্রি.
উত্তাবকের স্বাক্ষর ও সিল